গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো**

১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা

www.bomd.gov.bd

**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ডিসেম্বর, ২০২২ মাসের অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মোঃ আঃ খালেক মল্লিক, মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো
তারিখ : ২০ ডিসেম্বর ২০২২
সময় : ০৯.০০ টা
স্থান : খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সভা কক্ষ।

উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভার শুরুতে বিএমডির সার্বিক কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা করেন। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২০২৩ বাস্তবায়ন অগ্রগতি**<br>সভাপতি ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে জানতে চাইলে বিএমডির এপিএ এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব) জনাব মোঃ মাহফুজুর রহমান সভাকে অবহিত করেন যে, ২০২২-২৩ অর্থবছরে বিএমডির মোট রাজস্ব আদায়ের লক্ষমাত্রা হচ্ছে ৫৬ কোটি ৫০ লক্ষ টাকা। ১৫ ডিসেম্বর ২০২২ তারিখ পর্যন্ত মোট ৩১,৮১,৮৯,১৬৩/- (একত্রিশ কোটি একাশি লক্ষ উননব্বই হাজার একশত তেষট্টি) টাকার রাজস্ব অর্জিত হয়েছে। সরেজমিন পরিদর্শন প্রতিবেদন দাখিলের লক্ষ্যমাত্রা ২৫ (পঁচিশ) টি। ১৫ ডিসেম্বর ২০২২ পর্যন্ত ১৩ (তের) টি পরিদর্শন সম্পন্ন হয়েছে। অনুসন্ধান লাইসেন্স, খনি ও কোয়ারি ইজারা প্রদান এবং অবৈধভাবে উত্তোলিত/জব্দকৃত খনিজ নিলামে বিক্রয়ের লক্ষ্যমাত্রা ০৩ টি। সভাপতি সম্পাদিত এপিএ চুক্তি অনুযায়ী বিএমডির কৌশলগত ও আবশ্যিক উদ্দেশ্যসমূহ অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার নির্দেশনা প্রদান করেন। | ক) রাজস্ব লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>খ) খনিজ সম্পদের অবৈধ উত্তোলন বন্ধে অধিক্ষেত্র অনুযায়ী টিমভিত্তিক সরেজমিন পরিদর্শন করতে হবে এবং অবৈধভাবে উত্তোলিত/জব্দকৃত খনিজ সম্পদ দ্রুত উন্মুক্ত নিলামে বিক্রয় করে বিক্রয়কৃত অর্থ নির্ধারিত কোডে জমা প্রদান করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ২.২ | **নিয়োগ পরীক্ষা**<br>সভাপতি নিয়োগ কার্যক্রম সম্পর্কে জানতে চাইলে উপপরিচালক ও নিয়োগ কমিটির সদস্য সচিব জনাব মো: মামুনুর রশীদ বলেন, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর রাজস্ব খাতভুক্ত ২য় ও তৃতীয় শ্রেণির ০৫ টি ক্যাটাগরির মোট ০৮ (আট) টি শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে পদসমূহের ছাড়পত্র প্রদানের নিমিত্ত জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। ছাড়পত্র পাওয়া মাত্রই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। সভাপতি সরকারি বিধি-বিধান প্রতিপালন করে নিয়োগ প্রক্রিয়া সুষ্ঠু ও স্বচ্ছভাবে সম্পন্ন করার তাগিদ দেন। | (ক) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে ছাড়পত্র পাওয়া গেলে দ্রুততম সময়ের মধ্যে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।<br>(খ) নিয়োগ সংক্রান্ত সরকারি সকল বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

-১৮-

| | | | |
|---|---|---|---|
| ২.৩ | **অনিষ্পন্ন নিরীক্ষা আপত্তি**<br>সভাপতি গত ০৪-০৯-২০২২ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অনিষ্পন্ন নিরীক্ষা আপত্তি হ্রাসকরণের বিষয়ে গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে সহকারী পরিচালক (ভূতত্ত্ব), মোসাঃ মাহবুবা খাতুন জানান, বিএমডিতে বর্তমানে মোট অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে ১১ টি, যার মধ্যে ০৫ টি সাধারণ ও ০৬ টি অগ্রিম আপত্তি। অগ্রিম আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে গত ১৪-১১-২০২২ তারিখে বিএমডিতে ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মোট ০৪ টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়। এ ছাড়া, ০৫ (পাঁচ) টি সাধারণ আপত্তি ২৫-০৩-২০২১ তারিখে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় সভায় নিষ্পত্তির সুপারিশ করা হয়। | অনিষ্পন্ন নিরীক্ষা আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আয়োজন করতে হবে। | সহকারী পরিচালক (ভূতত্ত্ব) |
| ২.৪ | **সংশোধিত বাজেট ২০২২-২৩ প্রেরণ**<br>বিএমডির বাজেট অফিসার মোসাঃ মাহবুবা খাতুন জানান ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট আগামী ২২-১২-২০২৩ তারিখের মধ্যে প্রেরণের জন্য ইতোমধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে অনুরোধ জানানো হয়েছে। সভাপতি অর্থ মন্ত্রণালয় কর্তৃক বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হ্রাসকরণ সংক্রান্ত পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক সংশোধিত বাজেট প্রণয়নের নির্দেশনা প্রদান করেন। | অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতবেক নির্ধারিত তারিখের মধ্যে ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট প্রণয়ন করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ২.৫ | **তথ্য অধিকার কর্মপরিকল্পনা, ২০২২-২৩**<br>তথ্য অধিকার কর্মপরিকল্পনা, ২০২২-২৩ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। তথ্য অধিকার বিষয়ক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ মাহফুজুর রহমান জানান, কর্মপরিকল্পনায় তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/হালনাগাদ করার লক্ষ্যমাত্রা রয়েছে। বিএমডির তথ্য অধিকার বিষয়ক বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব আজিজুল হক জানান, বিএমডির সকল হার্ড নথির শাখাভিত্তিক তালিকা তৈরি করা হয়েছে। সভাপতি সকল নথির তালিকা হালনাগাদ রাখার নির্দেশনা প্রদান করেন। | বিএমডির সকল হার্ড নথির তালিকা হালনাগাদ রাখতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১/১২/২২

**(মোঃ আঃ খালেক মল্লিক)**
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ৮৩৯১৫৬৭
ফ্যাক্স : ৯৩৩৪২১৫
ই-মেইল : dg@bomd.gov.bd

নং-২৮.০৭.০০০০.০০৪.০৬.০০৮.১৮. ৬৪৬

তারিখ : ০৬ পৌষ ১৪২৯
২১ ডিসেম্বর ২০২২

-৮৮-

অনুলিপি : অবগতি/অবগতি ও কার্যার্থে

১। পরিচালক.........বিএমডি, ঢাকা;
২। উপপরিচালক (সকল),................ বিএমডি, ঢাকা;
৩। সহকারী পরিচালক (সকল)...............................................বিএমডি, ঢাকা;
৪। তৃতীয় শ্রেণির কর্মচারী (সকল)..................................বিএমডি, ঢাকা;
৫। পি.এ টু মহাপরিচালক বিএমডি, ঢাকা;
৬। অফিস কপি।

(মোসাঃ মাহবুবা খাতুন)
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)